মেহেরপুরে রথযাত্রা উৎসব অনুষ্ঠিত

মেহেরপুরে সনাতন ধর্মবিশ্বাসীদের অন্যতম ধর্মীয় উৎসব শ্রী শ্রী জগন্নাথ দেবের রথযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল পাঁচটার দিকে সনাতনী রীতি অনুযায়ী এ রথযাত্রা শুরু হয়। মেহেরপুর শহরের হরিসভা মন্দিরের সামনে থেকে শুরু হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে রথযাত্রাটি একই স্থানে গিয়ে শেষ হয়।

হিন্দু ধর্মের অনুসারীরা এ সময় শ্রী জগন্নাথ দেবের জয়গান করেন। শিশু থেকে শুরু করে বৃদ্ধ বয়সের ধর্মানুসারীরা রথযাত্রায় অংশগ্রহণ করে। এর পূর্বে মন্দিরে পূজা-আর্চনা আয়োজন করা হয়। রথযাত্রা শেষে অনুসারীদের প্রসাদ বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, হরিসভা মন্দিরের সভাপতি বিকাশ সাহা, সহ-সভাপতি বিধান চন্দ্রনাথ, সাধারণ সম্পাদক কিশোর পাত্র, সহ-সাধারণ সম্পাদক মদন কর্মকার সহ আরো অনেকে।

মুচলেকায় মুক্তি পেলেন বিএনপি নেতা জাফর আলী

মেহেরপুরের গাংনী উপজেলার রায়পুর ইউনিয়ন বিএনপির সাধারন সম্পাদক জাফর আলীকে (৫৯) মুচলেকায় পরিবারের কাছে ছেড়ে দেয়া হয়েছে।

শুক্রবার সন্ধ্যার পর ছেড়ে দেওয়া হয়েছে। দেওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি বানী ইসরাইল।

তিনি জানিয়েছেন, সেনাবাহিনীর সিদ্ধান্ত অনুযায়ী জাফর আলীর বড় ভাই বজলুল হকের জিম্মায় তাকে মুক্তি দেওয়া হয়েছে।

উল্লেখ্য: শুক্রবার ভোরে তার নিজবাড়ি এলাঙ্গি থেকে তাকে গ্রেফতার করা হয়। পরে তার বাড়ির আঙ্গিনা সংলগ্ন পরিত্যক্ত ঘর থেকে একটি বিদেশি পিস্তল,একটি ম্যাগজিন ও ৩টি ককটেল উদ্ধার করা হয়।

গাংনীতে অস্ত্রসহ ইউনিয়ন বিএনপি’র সম্পাদক আটক

মেহেরপুরের গাংনী উপজেলার রায়পুর ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক জাফর আলীকে (৫০) আটক করেছে সেনাবাহীনির গাংনী ক্যাম্পের সদস্যরা।

আজ শুক্রবার ভোরে তার নিজ বাড়ি এলাঙ্গি থেকে তাকে আটক করা হয়। পরে তার বাড়ির আঙ্গিনা সংলগ্ন পরিত্যক্ত ঘর থেকে একটি বিদেশি পিস্তল, একটি ম্যাগজিন ও ৩টি ককটেল উদ্ধার করা হয়।

গাংনী সেনা ক্যাম্প সূত্র জানায়, গোপন তথ্যের ভিত্তিতে এলাঙ্গি গ্রামের বাসিন্দা জাফর আলীর বাড়িতে অভিযান চালায় সেনাবাহিনীর সদস্যরা। বাড়ির ভিতরে ও বাইরে সম্পূর্ণ তল্লাশি করা হয়। এসময় বাড়ির আঙ্গিনা সংলগ্ন পরিত্যক্ত ঘর থেকে একটি বিদেশি পিস্তল ও ৩টি ককটেল উদ্ধার করা হয়।

তাৎক্ষণিকভাবে উক্ত ব্যক্তিকে সন্দেহভাজন হিসেবে আটক করে গাংনী সেনাক্যাম্পে নেয়া হয় এবং পিস্তলের প্রকৃত মালিকানা যাচাইয়ের জন্য জিজ্ঞাসাবাদ করা হয়। জিজ্ঞাসাবাদ শেষে তাকে বিদেশী পিস্তল, ম্যাগজিন ও তিনটি ককটেলসহ গাংনী থানায় হস্তান্তর করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল জানান, জাফর আলীকে থানায় হস্তান্তর করেছে সেনাবাহিনী। আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

মুজিবনগর পিএফজি’র ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত

মুজিবনগর পিস ফ্যাসিলিটেটর গ্রুপের (পিএফজি) উদ্যোগে আজ শুক্রবার সকালে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের হলরুমে উক্ত সভা অনুষ্ঠিত হয়।

“সংঘাত নয়, শান্তি ও সম্প্রীতির বাংলাদেশ গড়ি” স্লোগানকে সামনে রেখে এফসিডিও’র অর্থায়নে এবং দি হাঙ্গার প্রজেক্টের এমআইপিএস প্রকল্পের মাধ্যমে উক্ত সভায় রাজনৈতিক, ধর্মীয় এবং নৃগোষ্ঠীগত সম্প্রীতি জোরদারের বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়।
যশোর অঞ্চলের ফিল্ড সমন্বয়কারী মো: আশরাফুজ্জামান ও পিএফজি মন্বয়কারী মো: ওয়াজেদ আলী খান সভায় মূল বক্তব্য প্রদান করেন এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়ন করেন। পরিকল্পনাসমূহ হলো পিস ফ্যসিলিটেটর ব্যাসিক ট্রেনিং (পিএফবিটি) বাস্তবায়ন, ইয়ুথ লিডারশিপ ডেভলপমেন্ট ট্রেনিং এবং পিস ইভেন্ট বাস্তবায়ন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, বীর মুক্তিযোদ্ধা জনাব মো: সাবদার আলী। সঞ্চালনা করেন পিস অ্যাম্বাসেডর মুনশী মো: মোকাদ্দেস হোসেন।

সভায় উপস্থিত ছিলেন, উপজেলা জামায়াত ইসলামী বালাদেশের সেক্রেটারি মো: খাইরুল বাশার, পেশ ইমাম হাফেজ মো: মতিয়ার রহমান, সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল লতিফ, প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজ, সাংবাদিক ডালিম, সনাতন ধর্মের প্রতিনিধি ও শিক্ষক শ্যামল কুমার, পিস এ্যাম্বাসেডর ঝরনা খাতুন, ইউপি সদস্য রেহানা খাতুন, শিল্পি খাতুন, খ্রীষ্ঠান ধর্মের প্রতিনিধি লরেন্স মন্ডল ও মারিও সুশিত মন্ডল, প্রতিবন্ধি ব্যাক্তি মো: নজিবর রহমান সহ নিবন্ধিত রাজনৈতিক দলের প্রতিনিধি, ধর্মীয় নেতা, শিক্ষক ও সুশীল সমাজের প্রতিনিধিরা। উল্লেখ্য প্রশিক্ষণের জন্য অনাগ্রহি সদস্যদের বাদ দিয়ে আগ্রহী সদস্যদের নিয়ে কমিটি রিফরমেশন করা হয়। উপস্থিত সকল অংশগ্রহণকারী শান্তি স্থাপন ও সহিংসতা নিরসনে অঙ্গীকারবদ্ধ হয়ে কাজ করার প্রতিজ্ঞা করেন।

এছাড়া রাজনৈতিক, ধর্মীয় ও জাতিগত সহিংসতা নিরসনে দল-মত নির্বিশেষে পিএফজি কমিটির মাধ্যমে মেহেরপুরের মুজিবনগর উপজেলার

সব মানুষের সাথে একযোগে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করা হয়। সভার শেষে সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব মো: সাবদার আলী সবাইকে প্রশিক্ষণে অংশগ্রহণ করার আহ্বান জানিয়ে এবং প্রশিক্ষিত জ্ঞ্যান কাজে লাগিয়ে সম্প্রীতির মুজিবনগর গড়ার প্রত্যয় ব্যক্ত করেন।

মুজিবনগর থানাসহ মেহেরপুরের ৫ প্রতিষ্ঠানের নাম পরিবর্তন

মেহেরপুর মুজিবনগর থানা, শেখ রাসেলের নামে দুটি মিনি স্টেডিয়াম, মুজিবনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ছহিউদ্দীন টেক্সটাইল ভকেশনাল ইনষ্টিটিউটসহ দেশের ৯৭৭টি প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করেছে সরকার।

পরিবর্তিত প্রতিষ্ঠানের কয়েকটির নামকরণ করা হয়েছে এবং কিছু প্রতিষ্ঠানের নামকরণ করা হয়নি। প্রতিটি প্রতিষ্ঠানে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার পরিবারের সদস্যদের নাম থাকায় পরিবর্তন করা হয়েছে বলে প্রজ্ঞাপনে বলা হয়েছে।

মেহেরপুরের এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু, প্রথম দিনে অনুপস্থিত ৭৮

মেহেরপুরে শান্তিপূর্ণভাবে এইচএসসি ও সমমান পরীক্ষার প্রথম দিন অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার যশোর বোর্ডের অধীনে এইচএসসি, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা), কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি

(ভোকেশনাল) এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আলিম পরীক্ষা শুরু হয়েছে।

মেহেরপুর জেলার তিনটি উপজেলার সাতটি কেন্দ্রে মোট ৪ হাজার ১৭৭ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এর মধ্যে এইচএসসি পরীক্ষার্থী ৪১৭৭ জন, এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষার্থী ৯১১ জন, এইচএসসি (ভোকেশনাল) ২৭৩ জন এবং আলিম পরীক্ষায় ১৪৪ জন। তবে প্রথম দিন ৭৮ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন।

যশোর শিক্ষা বোর্ড, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এইচএসসি ও সমমান পরীক্ষার প্রথম দিনে মেহেরপুর জেলায় মোট ৭৮ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

গতকাল বৃহস্পতিবার জেলার তিনটি উপজেলার সাতটি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। জেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, এইচএসসি পরীক্ষায় ৬২ জন, এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষায় ৯ জন এবং আলিম পরীক্ষায় ৭ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন।

এদিকে, পরীক্ষা চলাকালীন বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম।

মেহেরপুরে ইয়াবা, হেরোইনসহ আটক-১

মেহেরপুর জেলা শহরের গোরস্থানপাড়ায় অভিযান চালিয়ে মো. রহমত বিন হাছেম (৫২) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে সেনাবাহিনী।

গতকাল বৃহস্পতিবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর সেনাবাহিনীর লেফটেন্যান্ট মিনহাজের নেতৃত্বে এ অভিযান পরিচালনা করেন।

জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে গোরস্থানপাড়ার রহমত বিন

হাছেমের বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করে। এ সময় তার কাছ থেকে ৭ পিস ইয়াবা ট্যাবলেট, ৫ পুরিয়া হেরোইন এবং একটি মোবাইল ফোন জব্দ করা হয়।

গ্রেপ্তারকৃত রহমত বিন হাছেমের বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

মুজিবনগরে সমৃদ্ধি কর্মসূচির আওতায় স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত

মুজিবনগরে পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতি (পিএসকেএস) সমৃদ্ধি কর্মসূচি এবং উপজেলার বাগোয়ান ইউনিয়নে স্বাস্থ্য সেবা ও পুষ্টি কার্যক্রমের আওতায় গ্রামীন জনগোষ্ঠির স্বাস্থ্য সেবা নিশ্চিতে স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সার্বিক সহযোগিতায় এবং পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতি (পিএসকেএস) এর বাস্তবায়নে, উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস ক্লাব প্রাঙ্গনে এই স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়।

স্বাস্থ্য ক্যাম্পে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার শরিফুল ইসলাম এবং গাইনি বিশেষজ্ঞ ডাক্তার সুপ্রিয়া গুপ্তা রোগীদের স্বাস্থ্য সেবা প্রদান করেন।

আয়োজিত স্বাস্থ্য ক্যাম্পে ১৫৫ জন্য রোগীকে বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়।

আমঝুপিতে মউকের উদ্যোগে মানববন্ধন ও র্যালি

মেহেরপুরের আমঝুপিতে “নির্যাতনের শিকার ব্যক্তিদের পুনর্বাসন, ন্যায়বিচার এবং ক্ষতিপূরণ” শীর্ষক এক মানববন্ধন ও র্যালি অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৬ জুন) সকাল ১০টায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর প্রধান কার্যালয়ের সামনে এই কর্মসূচি পালিত হয়।

আন্তর্জাতিক নির্যাতনের শিকার ব্যক্তিদের পুনর্বাসন কাউন্সিলের পরামর্শে এবং ঢাকাস্থ বাংলাদেশ মানবাধিকার সুরক্ষা কমিটি-২ ও মানবাধিকার উন্নয়ন কেন্দ্রের কারিগরি সহায়তায় ও প্রত্যক্ষ উদ্যোগে এবং মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) আয়োজনে এই কর্মসূচি বাস্তবায়ন করা হয়।

এই কর্মসূচির মূল উদ্দেশ্য ছিল পারিবারিক, সামাজিক, রাজনৈতিক ও প্রশাসনিক কারণে নির্যাতনের শিকার ব্যক্তিদের প্রতি সহানুভূতি প্রকাশ এবং তাদের পুনর্বাসন, ন্যায়বিচার ও ক্ষতিপূরণ পাওয়ার অধিকার সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি করা।

বক্তারা বলেন, মতের অমিল, ভিন্ন মতাদর্শ, রাজনৈতিক বিরোধিতা কিংবা স্বৈরাচারী মানসিকতার ব্যক্তি, রাজনৈতিক প্রতিপক্ষ বা অতীতে কিছু উচ্চাকাঙ্ক্ষী আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের দ্বারা অনেকেই সামাজিক, মানসিক ও শারীরিক নির্যাতনের শিকার হয়েছেন। চাঁদাবাজি, হুমকি, অপহরণ, গুম ও হত্যার মতো ঘটনা ঘটেছে, যার প্রভাব ভুক্তভোগী ছাড়াও তার পরিবারের উপরও পড়ে।

মানবাধিকারকর্মী মোছা. ফাহিমা আক্তারের নেতৃত্বে আয়োজিত এই মানববন্ধন ও র্যালিতে মেহেরপুরের সুশীল সমাজের প্রতিনিধি, নির্যাতনের শিকার ব্যক্তিদের কাউন্সেলিংয়ে নিয়োজিত সমাজকর্মী এবং মউকের বিভিন্ন পর্যায়ের কর্মীবৃন্দসহ প্রায় অর্ধশতাধিক মানুষ অংশগ্রহণ করেন।

গাংনীতে পিএসকেএস এর উদ্যোগে ফ্রি স্বাস্থ্য ক্যাম্প

মেহেরপুরের গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল থেকে দিনব্যাপী এই মেডিকেল ক্যাম্প পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় কাজিপুর শাখা কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

কাজিপুর ইউনিয়নের সর্বসাধারণের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে গাইনী, মেডিসিন, চর্ম, যৌন ও অ্যালার্জি বিষয়ক এই স্বাস্থ্য ক্যাম্পের আয়োজন করা হয়। উক্ত স্বাস্থ্য ক্যাম্পে মোট ১১৭ জন রোগীকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়।

স্বাস্থ্য ক্যাম্পে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সহকারী পরিচালক (কার্যক্রম) মোঃ সাইফুল ইসলাম, সমৃদ্ধি কর্মসূচির উপজেলা কর্মসূচি সমন্বয়কারী মোঃ জামিদুল ইসলাম, সহকারী উপজেলা কর্মসূচি সমন্বয়কারী মোঃ রাকিবুল ইসলাম, কাজিপুর ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি মোঃ আঞ্জুমান ইসলাম, সদস্য মোঃ কেতাব আলী এবং প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ আব্দুল হাদীসহ অনেকে।